

এক্সিকিউটিভ অর্ডার

স্টেট এজেন্সি ও কর্তৃপক্ষদের রাশিয়াতে ব্যবসা করা ব্যবসাসমূহের সাথে চুক্তি করতে নিষেধ করা হচ্ছে

যেহেতু, রাশিয়া সার্বভৌম দেশ ইউক্রেনে একটি অহেতুক এবং অপ্ররোচিত আক্রমণে লিপ্ত হয়েছে;

যেহেতু, নিউ ইয়র্ক স্টেট মার্কিন যুক্তরাষ্ট্রের সর্ববৃহৎ ইউক্রেনীয় জনগোষ্ঠীর বাড়ি;

যেহেতু, নিউ ইয়র্ক ইউক্রেনের সাথে দৃঢ়ভাবে রয়েছে এবং ইউক্রেনের বিরুদ্ধে রাশিয়ার আক্রমণের তীব্র নিন্দা করে;

যেহেতু, 27 ফেব্রুয়ারি, 2022 তারিখে, আমি নির্বাহী আদেশ 14 স্বাক্ষর করি, যা স্টেটের এনটিটিসমূহকে রাশিয়াতে যেসকল ব্যবসার সদর দপ্তর বা যাদের ব্যবসার মুখ্য স্থান রাশিয়া, তাদের সাথে কোনও চুক্তি বা বিনিয়োগে যেতে নিষেধ করে, এটি ইউক্রেনীয় মানুষের বিরুদ্ধে ঘটিত নৃশংসতায় অবদান রাখতে স্টেটের অস্বীকৃতিকে দৃঢ়ভাবে প্রতিষ্ঠা করে;

যেহেতু, স্টেট রাশিয়ার শুরু করা অহেতুক যুদ্ধ এবং নিরীহ ইউক্রেনীয় মানুষ হত্যাতে সমর্থন করার জন্য বাজারে একজন অংশগ্রহণকারী হিসেবে এর কর্মকাণ্ড পরিচালনা করার অনুমতি প্রদান করবে না;

যেহেতু, ইউক্রেনীয় জনসাধারণের বিরুদ্ধে বৈষম্যমূলক আচরণের ক্ষেত্রে অর্থাৎন করা থেকে নিউ ইয়র্ককে রক্ষা করা স্টেটের অতি গুরুত্বপূর্ণ একটি স্বার্থ;

সুতরাং, এখন, আমি, ক্যাথি হোকল, নিউ ইয়র্ক স্টেটের গভর্নর এই মর্মে আদেশ প্রদান করছি, যা ফেডারেল সরকারের আরোপিত নিষেধাজ্ঞা কার্যকর থাকা পর্যন্ত নিম্নলিখিতভাবে বহাল থাকবে:

1. সংজ্ঞাসমূহ:
 - a. "প্রভাবিত স্টেট সংস্থাগুলো" বলতে বোঝায় (i) সকল সংস্থা ও বিভাগ যাদের উপর গভর্নরের নির্বাহী কর্তৃত্ব রয়েছে, এবং (ii) সকল সরকারি-বেনিফিট কর্পোরেশন, সরকারি কর্তৃপক্ষ, বোর্ড, ও কমিশন, যাদের জন্য গভর্নর সভাপতি, চিফ এক্সিকিউটিভ, অথবা বোর্ড সদস্যদের অধিকাংশকে নিযুক্ত করে থাকেন, নিউ ইয়র্ক ও নিউ জার্সির বন্দর কর্তৃপক্ষ ব্যতীত।
 - b. "রাশিয়াতে ব্যবসা কর্মকাণ্ড পরিচালনা করা এনটিটি" বলতে বোঝায় এমন একটি সংগঠন বা কোম্পানি, সেটি যেখানেই অবস্থিত হোক না কেন, যারা রাশিয়াতে যেকোন বাণিজ্যিক কর্মকাণ্ড পরিচালনা করে বা রাশিয়ার সরকারের সাথে বা রাশিয়াতে সদর দপ্তর থাকা বাণিজ্যিক এনটিটির সাথে বা যাদের ব্যবসার প্রধান স্থান রাশিয়া তাদের সাথে লেনদেনের ব্যবসা করে চুক্তি, বিক্রয়, ক্রয়, বিনিয়োগ, বা অন্য যেকোনও ব্যবসায়িক অংশীদারিত্বের রূপে।
2. সকল প্রভাবিত স্টেট এনটিটিকে নির্দেশ প্রদান করা হচ্ছে রাশিয়ার ব্যবসায়িক কর্মকাণ্ড পরিচালনা করা কোনও এনটিটির সাথে কোনও নতুন চুক্তিতে প্রবেশ করা থেকে বা কোনও বিদ্যমান চুক্তি নবায়ন করা থেকে বিরত থাকার জন্য।

3. উপরোক্ত আদেশ সত্ত্বেও, কোনও প্রভাবিত স্টেট সংস্থা কোনও রাশিয়ান বা সহায়তাকারী সংস্থায় বিনিয়োগ করতে পারবে, যদি সেই প্রভাবিত স্টেট সংস্থার প্রধান লিখিতভাবে এই অঙ্গীকার প্রদান করেন যে প্রভাবিত স্টেট সংস্থার কার্যক্রম সম্পাদনের জন্য উক্ত বিনিয়োগ বা চুক্তি সম্পন্ন করা অপরিহার্য এবং বিকল্প কোনও বিনিয়োগ বা চুক্তির উপযুক্ত কোনও সুযোগ বিদ্যমান নেই।
4. জেনারেল সার্ভিসেস অফিসের কমিশনার প্রভাবিত স্টেট এনটিটিসমূহের জন্য নির্দেশনা প্রতিষ্ঠা করবেন যা এই আদেশের আবশ্যিকতা মূল্যায়ন করবে এবং সম্ভাব্য চুক্তির প্রযোজ্যতা নির্ণয় করবে।

আমার স্বহস্তে এবং স্টেটের নিজস্ব সীলমোহরের অধীনে,

অ্যালবানি শহরে দুই হাজার বাইশ সালের

মার্চ মাসের সতেরতম দিনে এটি প্রদান

করা হলো।

গভর্নর কর্তৃক

গভর্নরের সচিব